**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 10–05–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) পেট্রোল এবং ডিজেল নিয়ে পণ্যবাহী ট্রেন খুব শীঘ্রই ত্রিপুরার উদ্দেশ্যে রওনা হবে । জানিয়েছে এন এফ রেলওয়ে ।**

**(২) টেলিকম সম্পদকে অপব্যবহার করে যে সব সাইবার অপরাধ এবং আর্থিক প্রতারণা করা হচ্ছে তা প্রতিরোধ করার জন্য কেন্দ্রীয় প্রযুক্তি দপ্তর, স্বরাষ্ট্র বিষয়ক মন্ত্রক এবং রাজ্য পুলিশ একযোগে কাজ করছে ।**

**(৩) রাজ্য সরকার খুব শিগগিরই সমস্ত বিদ্যালয়ে E-Attendance System চালু করার উদ্যোগ নিয়েছে ।**

**(৪) চলতি বছরের দ্বিতীয় জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে আগামীকাল ।**

*******************************************

**Food Dir. :**

দক্ষিণ আসামের ডিমাহাসাও জেলার নিউ হারাঙ্গাজাও ও জাটিঙ্গা-লামপুরে ক্ষতিগ্রস্ত রেল লাইন সারাইয়ের পর পেট্রোল এবং ডিজেল নিয়ে পণ্যবাহী ট্রেন খুব শীঘ্রই ত্রিপুরার উদ্দেশ্যে রওনা

হবে। এন এফ রেলওয়ের এক মুখপাত্র এখবর জানান। তিনি জানান, আজও এই রেলপথ দিয়ে আটা এবং ভোজ্য তেল নিয়ে একটি পণ্যবাহী রেল রওনা হয়েছে।

এদিকে, রাজ্যে নিত্য প্রয়োজনীয় পণ্য সামগ্রীর মূল্য নিয়ন্ত্রণে রাখা ও মজুত ঠিক রয়েছে কিনা তা যাচাইয়ে খাদ্য দপ্তর ও মহকুমা প্রশাসনের পক্ষ থেকে আজ সদর ও জিরানিয়ার বিভিন্ন বাজারে অভিযান চালানো হয়। খাদ্য অধিকর্তা নির্মল অধিকারী জানিয়েছেন, পেঁয়াজ ও আলুর দাম বেশি রাখায় জিরানিয়ার চম্পকনগরে একটি দোকান বন্ধ করে দেওয়া হয়েছে। এ বিষয়ে প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হয়েছে।

***************************

**Food Department-Sonamura :**

আজ সিপাহীজলা জেলার সোনামুড়া মহকুমার ধনপুর ও মাছিমা বাজারে মহকুমা প্রশাসন ও খাদ্য দপ্তরের উদ্যোগে যৌথ অভিযান চালানো হয়। মহকুমা শাসক অরূপ দেব জানিয়েছেন, ২টি বাজারের বেশ কয়েকটি দোকানে মেয়াদ উর্ত্তীণ কিছু সামগ্রী পাওয়া গেছে। ওই সমস্ত দোকানের মালিকদের কারন দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। অভিযানের নেতৃত্বে ছিলেন সোনামুড়ার অতিরিক্ত মহকুমা শাসক মহেন্দ্র চাকমা, খাদ্য দপ্তরের চিফ ইন্সপেক্টর রাজকুমার মলসম ও ইন্সপেক্টর সুনন্দা চৌধুরী।

***************************

**Petrol-Sabroom :**

পেট্রোল ও ডিজেলে রেশনিং ব্যবস্থা পাম্পগুলিতে কার্যকর করতে সাব্রুম মহকুমার পেট্রোল পাম্পগুলিতে মহকুমা প্রশাসনের পক্ষ

থেকে নজরদারি চালানো হচ্ছে। সাব্রুমের মহকুমা শাসক শিবজ্যোতি দত্ত এখবর জানান। তিনি জানান, মহকুমা শাসকের অফিসের দুই ডিসিএম রতন দাস ও নকুল পাল আজ মহকুমার চারটি পেট্রোল পাম্পে গিয়ে রেশনিং নিয়ে প্রশাসনের নির্দেশ ঠিকভাবে কার্যকর করা হচ্ছে কিনা এই বিষয়ে খোঁজখবর নেন।

***************************

**Santirbazar-Raid in market :**

শান্তিরবাজার মহকুমার বিভিন্ন বাজারগুলিতে জিনিসপত্রের দাম নিয়ন্ত্রণে রাখতে মহকুমার বাজারগুলিতে প্রতিদিন অভিযান চালাচ্ছে শান্তিরবাজার মহকুমা প্রশাসন। আজ মহকুমা শাসকের অফিসের ডিসিএম কমলাকান্ত দেববর্মা ও অমিত কর্মকারের নেতৃত্বে খাদ্য দপ্তরের কর্মীরা শান্তিরবাজার শহরের বিভিন্ন দোকানে অভিযান চালান।

*****************************

**Combat Cyber Fraudsters :**

টেলিকম সম্পদকে অপব্যবহার করে যে সব সাইবার অপরাধ এবং আর্থিক প্রতারণা করা হচ্ছে তা প্রতিরোধ করার জন্য কেন্দ্রীয় প্রযুক্তি দপ্তর, স্বরাষ্ট্র বিষয়ক মন্ত্রক এবং রাজ্য পুলিশ একযোগে কাজ করছে। এই সম্মিলিত প্রয়াসের লক্ষ্য হল প্রতারকদের অপকর্মের অন্তর্জালকে ছিন্ন-ভিন্ন করে ফেলা এবং সাধারণ নাগরিকদের ডিজিটাল হুমকির হাত থেকে সুরক্ষা প্রদান করা।

কেন্দ্রীয় স্বরাষ্ট্র বিষয়ক মন্ত্রক এবং রাজ্য পুলিশ বিশ্লেষণের পর যে তথ্য উন্মোচিত করেছে তাতে দেখা যাচ্ছে ২৮, ২০০ মোবাইল

হ্যান্ডসেট সাইবার অপরাধ সংগঠিত করার জন্য অপব্যবহার করা হয়েছিল। এরপর কেন্দ্রীয় প্রযুক্তি দপ্তর বিশ্লেষণ করে দেখতে পেয়েছে যে এই মোবাইল হ্যান্ডসেটগুলির সাথে চমকে দেওয়ার মতো ২০ লক্ষ মোবাইল নাম্বার ব্যবহার করা হয়েছে। পরবর্তী পর্যায়ে প্রযুক্তি দপ্তর সারা ভারত জুড়ে ঐ ২৮,২০০টি মোবাইল হ্যান্ডসেট ব্লক করতে ও অবিলম্বে ২০ লক্ষ মোবাইল সংযোগ পুনরায় যাচাই করে দেখতে এবং যদি পুনরায় যাচাই করণে ব্যর্থ হয় তাহলে সংযোগ বিচ্ছিন্ন করে দেওয়ার জন্য নির্দেশনা জারি করেছে।

****************************

**Chandan Yatra :**

আগরতলার জগন্নাথ জিউ মন্দিরে আজ থেকে শুরু হয়েছে ভগবান রাধাকৃষ্ণের চন্দন যাত্রা উৎসব। ২১ দিন ধরে চলবে এই উৎসব। এই উপলক্ষে আজ বিকেলে জগন্নাথ জিউ মন্দির থেকে একটি ধর্মীয় শোভাযাত্রার আয়োজন করা হয়। ব্যান্ড পার্টি সহযোগে বর্নাঢ্য এই শোভাযাত্রা আগরতলা শহরের নানা পথ পরিক্রমা করে জগন্নাথ মন্দিরে ফিরে যায়। শোভাযাত্রায় গৌড়ীয় মঠের সাধু সন্ন্যাসীগন অংশ নেন। চন্দনযাত্রা উপলক্ষে মন্দিরের সামনে মেলাও বসেছে। ২১ দিন শ্রী ভগবানের বিগ্রহকে নিয়ে মন্দিরের অভ্যন্তরে জলাশয়ে নৌক বিহার করা হবে।

এদিকে, আজ অক্ষয় তৃতীয়া উপলক্ষ্যে লক্ষীনারায়ণবাড়ি সহ বিভিন্ন মন্দিরে চলছে পূজার্চনা। উল্লেখ্য হিন্দু সংস্কৃতির অন্যতম শুভ অনুষ্ঠান হিসাবে উদযাপিত হয় অক্ষয় তৃতীয়া। পাশাপাশি নতুন সূচনা, সমৃদ্ধি এবং সৌভাগ্যের প্রতীক হিসেবে চিহ্নিত এই দিনটি।

অক্ষয় তৃতীয়া উপলক্ষে খোয়াই বিমানবন্দরস্থিত রামঠাকুর সেবা মন্দিরেও চলছে নানা অনুষ্ঠান।

*********************************

**Kedarnath Temple :** দীর্ঘ ৬ মাস বন্ধ থাকার পর আজ অক্ষয় তৃতীয়ার পুণ্য তিথিতে কেদারনাথের দরজা পুনরায় খুলে দেওয়া হয়েছে। পাশাপাশি গঙ্গোত্রী ও যমুনোত্রীর পথও খুলে দেওয়া হয়েছে। আগামী ১২ই মে খুলবে বদ্রীনাথের দরজাও। আজ ভোরে কেদারনাথ মন্দিরের দরজা খোলার মুহূর্তে হেলিকপ্টারের মাধ্যমে পুষ্পবৃষ্টি করা হয়। অগণিত ভক্ত সেকানে উপস্থিত ছিলেন।

*****************************

**Felicitation of Haj Pilgrims :**

কৈলাশহর বাজার জামে মসজিদ প্রাঙ্গনে আজ এক অনুষ্ঠানের মধ্য দিয়ে ঊনকোটি জেলার হজযাত্রীদের সংবর্ধনা প্রদান করা হয়। এবছর ঊনকোটি জেলা থেকে মোট এগারোজন পবিত্র হজযাত্রায় সৌদি আরবে যাচ্ছেন। এরমধ্যে তিনজন মহিলা। আজকের সংবর্ধনা উপলক্ষে মসজিদে বিশেষ প্রার্থনাও অনুষ্ঠিত হয়। বিভিন্ন বক্তা তাঁদের ভাষণে পবিত্র হজের গুরুত্ব ও তাৎপর্য নিয়ে আলোচনা করেন। তাঁরা বলেন, ইসলাম ধর্মের এক গুরুত্বপূর্ণ স্তম্ভ হচ্ছে পবিত্র হজ। বিশ্বশান্তি ও সৌভ্রাতৃত্বের জন্য সৌদি আরবের মক্কা শরীফে হজে গিয়ে প্রার্থনা করবেন। সংবর্ধনা অনুষ্ঠানে প্রত্যেক হজযাত্রীকে পুষ্পস্তবক ও স্মারক উপহার প্রদান করা হয়। উল্লেখ্য, এবছর রাজ্য থেকে ১০৮ জন পবিত্র হজে যাচ্ছেন। এরমধ্যে ৭১ জন পুরুষ এবং ৩৭ জন মহিলা।

***************************

**Brown Sugar :**

পূর্ব থানার পুলিশ আজ আগরতলার শিবনগর ও কল্যানী এলাকায় অভিযান চালিয়ে ১৬ গ্রাম ব্রাউন সুগার সহ ৫ জনকে আটক করেছে। পূর্ব থানার ওসি সনজিৎ সেন জানিয়েছেন, ধৃতদের কাছ থেকে একটি স্কুটি ও বাজেয়াপ্ত করা হয়েছে। বাজেয়াপ্ত ব্রাউন সুগারের বাজার মূল্য আনুমানিক আশি হাজার টাকা।

***************************

**Plantation of trees-Sonamura :**

উষ্ণায়ন বৃদ্ধি, পরিবেশের ভারসাম্য রক্ষা ও পরিবেশ সম্পর্কে জনসাধারণের মধ্যে সচেতনতা বৃদ্ধির লক্ষে এগিয়ে এলো সোনামুড়ার সামাজিক সংস্থা সারথি সংঘ। এই সংস্থার উদ্যোগে আজ সোনামুড়া মহকুমার ২৬টি স্থানে "অক্ষয় বৃক্ষ রোপন "কর্মসূচি পালন করা হয়।

**************************

**E-Attendance :**

রাজ্যে শিক্ষার গুণগত মান উন্নয়নে, শিক্ষক-শিক্ষিকাদের এবং ছাত্রছাত্রীদের উৎকর্ষ বৃদ্ধি করতে রাজ্য সরকার খুব শিগগিরই সমস্ত বিদ্যালয়ে E-Attendance System চালু করার উদ্যোগ নিয়েছে। শিক্ষা দপ্তর সুত্রে জানা গেছে, বিদ্যা সমীক্ষা কেন্দ্রের মাধ্যমে এই ডিজিটাল ব্যবস্থাপনায় বিদ্যালয়ের পঠন-পাঠন এবং অন্যান্য কাজে স্বচ্ছতা আসবে। তিনি আরো জানান, সমগ্র

রাজ্যে ৪ হাজার ৯১২টি সরকারী বিদ্যালয়ে শিক্ষক শিক্ষিকা ও ছাত্রছাত্রীদের জন্য E-Attendance System চালু করা হবে।

*****************************

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তৃত আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

*************************

**Current Affairs :**

কবিপক্ষে, আলোচনায় ঘুরে ফিরে আসে ভারতীয় লোকাচার ও সংস্কৃতি নিয়ে রবীন্দ্রনাথের চিন্তা-ভাবনা। আগামীকাল আকাশবাণী আগরতলার সংবাদ বিভাগের সাপ্তাহিক আলোচনায় এরকম একটি অনুষ্ঠান পরিবেশন করা হবে বেলা তিনটে বেজে ১৫ মিনিটে। আলোচনা করবেন শচীন দেব বর্মন স্মৃতি সরকারি মহাবিদ্যালয় এর অধ্যক্ষা ডক্টর মনিকা দাস । মূল অনুষ্ঠানটি সম্প্রচারের পরেই AIRNews Agartala-র ফেসবুক ও ইউটিউবে অনুষ্ঠানটি শোনা যাবে।

*************************

**Election :**

লোকসভা নির্বাচনের চতুর্থ দফার ভোট গ্রহণ আগামী ১৩ই মে। বিভিন্ন জায়গায় প্রার্থীদের সমর্থনে প্রচার জোর কদমে চলেছে। ঐদিন ৯টি রাজ্য এবং ১টি কেন্দ্রশাসিত অঞ্চলে মোট ৯৬টি আসনে ভোট নেওয়া হবে। অন্ধ্রপ্রদেশে ২৫টি সংসদীয় আসন, তেলেঙ্গানার ১৭টি, উত্তর প্রদেশের ১৩টি, মহারাষ্ট্রে ১১টি, মধ্যপ্রদেশ ও পশ্চিমবঙ্গে ৪টি করে আসন, বিহারের ৫টি, ঝাড়খন্ডে ৪টি ও উড়িষ্যায় ১টি আসনে ভোট নেওয়া হবে। এই পর্বে জম্মু ও কাশ্মীরের কেন্দ্র শাসিত অঞ্চলে ভোট হবে।

**************************

**Lok Adalat :**

চলতি বছরের দ্বিতীয় জাতীয় লোক আদালত অনুষ্ঠিত হবে আগামীকাল। ত্রিপুরা হাইকোর্ট ছাড়াও রাজ্যের সব জেলা এবং মহকুমা আদালত চত্বরে লোক আদালত বসবে। আগামীকালের লোক আদালতে রাজ্যে মোট ৪২টি বেঞ্চে ১৭,৯৩৮টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। এর মধ্যে মামলা পূর্ববর্তী বিরোধ সংক্রান্ত ৪,০৭৪টি বিষয় এবং আদালতে বিচারাধীন ১৩,৮৬৪টি মামলা রয়েছে। এরমধ্যে ত্রিপুরা হাইকোর্টে একটি বেঞ্চে ৪৬টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হবে। উল্লেখ্য, গত ৯ই মার্চ এই বছরের প্রথম জাতীয় লোক আদালতে একদিনে ১০ হাজার ৪৪টি মামলার নিষ্পত্তি হয়েছিল।

*****************************

**Gramin Bank-Press Meet :**

ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের লাভের পরিমাণ ধারাবাহিকভাবে বেড়েই চলেছে। বিগত অর্থ বছরের তুলনায় ব্যাংকের ব্যবসা দশ শতাংশ

হারে বৃদ্ধি পেয়েছে। ত্রিপুরা গ্রামীণ ব্যাংকের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে এতথ্য জানান। তিনি জানান, ২০২৩-২৪ অর্থবছরে ব্যাংকের লাভের পরিমাণ ১০ শতাংশ বেড়ে দাঁড়িয়েছে ১২ হাজার ৩৯৮ দশমিক ৫৫ কোটি টাকা। বিগত বছরে যা ছিল ১১ হাজার ২৭১ দশমিক ৯২ কোটি টাকা। তাছাড়া নগদ জমার আনুপাতিক হারও বিগত বছরের তুলনায় ৯.৭০ শতাংশ বেড়েছে।

****************************

**Meeting on Revision :**

কৈলাশহরস্থিত ঊনকোটি জেলা শাসক কার্যালয়ের মিলনায়তনে মনুনদীতে আসন্ন বর্ষায় জলস্ফীতি দেখা দিলে সতর্কতামূলক জলস্তর পরিমাপ ইত্যাদি পুনঃপরীক্ষা বিষয়ে আজ এক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসকদ্বয় দশরথ দেববর্মা ও অর্ঘ্য সাহা, বিপর্যয় মোকাবিলা বিভাগের জেলা প্রোগ্রাম আধিকারিক শুভজিৎ নাথ প্রমুখ। আজকের বৈঠকে কেন্দ্রীয় জল আয়োগ ও জলসম্পদ বিভাগের প্রকৌশলীরা অংশ নেন।

****************************

**Driver Welfare :**

সর্ব ভারতীয় চালক কল্যাণ সংঘের অধীন অল ত্রিপুরা ড্রাইভার ওয়েলফেয়ার এসোসিয়েশন ত্রিপুরা শাখার উদ্যোগে আজ আমতলী বাইপাসে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় চালকদের বিভিন্ন দাবি দাওয়া সহ যান দুর্ঘটনা এড়াতে কি কি বিষয়ে

সচেতন হওয়া দরকার তা নিয়ে আলোচনা হয়। আলোচনা করেন সংগঠনের সদর জেলার নেতৃত্ব নৃপেন শীল, অমিত দেব, শাহাজাহান মিঞা, প্রমুখ। ১৮ দফা দাবির মধ্যে উল্লেখযোগ্য দাবিগুলি হল চালকদের বেতন বৃদ্ধি, পেনশন চালু করা এবং সন্তানদের পড়াশোনার বিষয়ে সরকারি সহযোগিতা প্রদান করা।

****************************

**Workshop :**

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের উদ্যোগে আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে অঙ্গন ওয়াড়ি কর্মীদের নিয়ে এক প্রশিক্ষণ তথা কর্মশালা অনুষ্ঠিত হয়। এখানে পোষন ট্রেকার App এবং খেলার ছলে শিশুদের প্রাক-প্রাথমিক শিক্ষাদান বিষয়ে আলোচনা হয়। উপস্থিত ছিলেন, গৌরনগরের C.D.P.O সঞ্জয় দে, সুপার ভাইজার অনিতা চাকমা ও পার্থপ্রতীম চৌধুরী প্রমুখ।

******************************

**Senior Cricket Belonia :**

বিলোনিয়া মহকুমা ক্রিকেট এসোসিয়েশন আয়োজিত মহকুমা সিনিয়র ক্রিকেট টুর্নামেন্টের দ্বিতীয় সেমি ফাইনালে ওরিয়েন্টাল ক্লাব ৩ উইকেটে জয়পুর এসভিএসসিকে পরাজিত করেছে। আজ বিদ্যাপীঠ মাঠে প্রথমে ব্যাট করতে নেমে জয়পুর এস.ভি.এস.সি ৩১ ওভার ১ বলে সব উইকেট হারিয়ে ১২৯ রান সংগ্রহ করে। জবাবে খেলতে নেমে বিজয়ী দল ২০ ওভার ১ বলে ৭ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়।

**************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ চৌত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন আঠাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল পঁয়ত্রিশ দশমিক পাঁচ ডিগ্রী এবং সর্বনিম্ন তেইশ দশমিক ছয় ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের উত্তর উনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্ত ভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় চল্লিশ থেকে পঞ্চাশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। বাকি জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ হালকা বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে।

********************************